

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
উপজেলা পরিসংখ্যান অফিস  
তানোর, রাজশাহী।

স্মারক নং ৫২.০১.৫০৯৪.০০০.০৫.০২৪.১৯-

০৮ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ  
তারিখঃ.....

২২ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর তানোর উপজেলার তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজারগণের নিয়োগ সাক্ষাৎকার গ্রহণ সংক্রান্ত ।

সূত্র: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তানোর, রাজশাহী এর নিয়োগ বিজ্ঞপ্তি নং. ৫২.০১.৫০০০.০০০.১৪.০২৩.১৯ তারিখ ০৬ জানুয়ারি ২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক জানানো যাচ্ছে যে, তানোর উপজেলায় জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার পদে আবেদনকারী প্রার্থীগণের সাক্ষাৎকার আগামী ২৭ ও ২৮ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ তারিখ রোজ সোমবার ও মঙ্গবার সকাল ১০.০০ ঘটিকায় এ অনুষ্ঠিত হবে।

তারিখ	রোল নম্বর	সময়
২৭.০১.২০২০	সুপার ভাইজার: ১-১০২, গণনাকারী: ১-২৬০	সকাল ১০.০০ টা হতে
২৮.০১.২০২০	গণনাকারী: ২৬১-৫০৮	সকাল ১০.০০ টা হতে

প্রকল্পের ডিপিপি অনুসারে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোন শর্তের ব্যত্যয় ঘটলে, অসংগতিপূর্ণ হলে কোনরূপ বিচেনা ছাড়াই আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদনকারী প্রার্থীগণের উল্লিখিত তারিখে নির্ধারিত সময়ের মধ্যে শিক্ষাগত যোগ্যতার সকাল সনদ/মার্কশীট জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ ও অন্যান্য ডকুমেন্টস'র মূল কপিসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

২। প্রার্থীর এনড্রয়েড মোবাইল ফোন (ভার্সন কমপক্ষে-৬ এবং স্ক্রীন সাইজ কমপক্ষে -৫') অবশ্যই সঙ্গে আনার জন্য অনুরোধ করা হলো।


৩। প্রার্থীগণকে সাক্ষাৎকারের সময় মার্জিত পোশাক পরিধান করে আসার জন্য অনুরোধ করা হলো।

৪। প্রার্থীগণের মধ্য থেকে তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার নিয়োগের ক্ষেত্রে পূর্বের অভিজ্ঞতা ও সাক্ষাৎকারের নৈপুন্যকে প্রাধান্য দেয়া হবে।

৫। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ কার্যক্রম স্থগিত, বাতিল কিংবা সংযোজন/বিয়োজনের ক্ষমতা সংরক্ষণ করেন।

৬। সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য প্রার্থীগণকে কোন প্রকার টিএ/ডিএ বা ভাতা প্রদান করা হবে না।

৭। এতে উপজেলা নির্বাহী অফিসার, তানোর, রাজশাহী মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

  
২২.০১.২০২০  
মোসাম্মাৎ রেহানা পারভীন লিপি  
পরিসংখ্যান কর্মকর্তা  
তানোর, রাজশাহী  
ও

সদস্য-সচিব

গণনাকারী/তালিকাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি